



তারিখঃ ২৩/০১/২০১৬ ইং

ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলায় পাহাড়পুরের প্রতিকৃতি পরিদর্শন করলেন মাননীয় পর্যটন মন্ত্রী জনাব রাশেদ খান মেনন

ঢাকার আগারগাঁয়ে প্রতি বছরের মতো এবারেও ১লা জানুয়ারি থেকে শুরু হয়েছে “ঢাকা আন্তর্জাতিক বানিজ্যমেলা-২০১৬”। বিভিন্ন সেক্টরের প্রথিতযশা প্রতিষ্ঠান ও কম্পানির পাশাপাশি বাংলাদেশ ট্যুরিজম বোর্ড উক্ত মেলায় অংশ নিয়েছে। বাংলাদেশের সমৃদ্ধ ঐতিহ্যকে সকলের সামনে তুলে ধরার জন্য পাহাড়পুর বৌদ্ধ বিহারের আদলে ট্যুরিজম বোর্ডের স্টল নির্মাণ করা হয়েছে। নিজের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে সচেতন করা এবং বাংলাদেশের পর্যটন শিল্পের প্রণোদনা জোগাতে ট্যুরিজম বোর্ডের এই আয়োজন মেলায় আগত দেশী-বিদেশী দর্শনার্থীদের মুগ্ধ করেছে।

গতকাল বানিজ্য মেলা পরিদর্শনে এসে মাননীয় পর্যটনমন্ত্রী জনাব রাশেদ খান মেনন ট্যুরিজম বোর্ডের স্টল ঘুরে দেখেন। সাধারণ দর্শনার্থীদের মতো পাহাড়পুর বৌদ্ধ বিহারের স্টল মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণে সক্ষম হয়। তিনি ট্যুরিজম বোর্ডের সকল আয়োজনে সন্তোষ পোষণ করেন।

প্রতিদিন অসংখ্য দর্শনার্থী মেলায় বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের স্টলে ভীড় করেন। শুক্র ও শনিবার দর্শনার্থীদের জন্য বিশেষ আয়োজন করা হয়। একটি পাজল বোর্ডে ভিজিট বাংলাদেশ ২০১৬ এর এলোমেলো লোগো মেলানো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ভিজিট বাংলাদেশ ২০১৬ লোগোটি সফলভাবে মেলাতে সক্ষম প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়। বিশেষ আকর্ষণ হিসেবে রয়েছে দীর্ঘ পা সম্বলিত রণ'পা। এছাড়াও ডার্ট নিক্ষেপ খেলা দর্শনার্থীদের মধ্যে ব্যাপক ভাবে সাড়া ফেলেছে। বিজয়ী প্রতিযোগীদের পুরস্কার হিসেবে ভিজিট বাংলাদেশ লোগো চিহ্নিত টি-শার্ট উপহার দেয়া হয়।

এখানে উল্লেখ্য যে মাননীয় প্রধানমন্ত্রী ২০১৬ সালকে “পর্যটন বর্ষ” এবং “ভিজিট বাংলাদেশ ২০১৬” ঘোষণা করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়ন করার জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ড বছরব্যাপী বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করে আসছে। এই কর্মকাণ্ডগুলোর সাথে জনসম্পৃক্ততা বাড়ানোর জন্য বিভিন্ন এ্যাকটিভেশন ক্যাম্পেইনের পাশাপাশি প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় ক্যাম্পেইন পরিচালনা করা হচ্ছে।

বাংলাদেশের পর্যটন শিল্পের উন্নয়নে ট্যুরিজম বোর্ডের বিভিন্ন আয়োজনে সকলের সর্বাঙ্গিক সহযোগিতা বিশেষভাবে কাম্য।

ধন্যবাদান্তে

A. Z. Khan

আখতারুজ্জামান খান কবির
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

Office :

Bangladesh House Building Finance Corporation Bhaban (7th Floor),
22, Purana Paltan, Dhaka-1000, Bangladesh

Phone : 880-2-9513328 **E-mail :** btbnto@gmail.com
web : www.tourismboard.gov.bd, www.visitbangladesh.gov.bd